



## ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩

শঙ্কুগঞ্জ, ময়মনসিংহ।

### নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

- ০১। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওএন্ডএম স্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য লৌহ জাতীয় মালামাল, ১ ফেজ এনালাগ মিটার, ১ ফেজ ডিজিটাল মিটার, ৩ ফেজ ডিজিটাল মিটার, সিটি, প্রাস্টিক ববিন “যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে” নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে পূর্ণ ঠিকানা সম্বলিত সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	বিক্রয়যোগ্য মালামালের বিবরণ	বিক্রয়যোগ্য মালামালের পরিমাণ	মালামালের অবস্থান	নিলাম দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		নিলাম দরপত্র দলিলের মূল্য (টাকা)	নিলাম দরপত্র জামানতের পরিমাণ (টাকা)
					গ্রহণ	খোলা		
০২/২০২৩-২৪	লৌহ জাতীয় মালামাল	২৪৯০ কেজি	ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শঙ্কুগঞ্জ, ময়মনসিংহ	১০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ হতে ২৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত।	২৪/০৮/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকা (BST) পর্যন্ত ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শঙ্কুগঞ্জ, ময়মনসিংহ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।	২৪/০৮/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১.০৫ ঘটিকায় (BST) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শঙ্কুগঞ্জ, ময়মনসিংহ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।	১৫০০	উদ্ধৃত দরের ন্যূনতম ২৫% হারে
	১ ফেজ এনালাগ মিটার	১৩০৮৩ টি						
	১ ফেজ ডিজিটাল মিটার	২০৬৩৫ টি						
	৩ ফেজ ডিজিটাল মিটার	৩৩২ টি						
	সিটি (জি-২৩)	১ টি						
প্রাস্টিক ববিন	১০৫ টি							

- ০২। আগ্রহী দরদাতাগণ ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে যে কোন তফসিলী ব্যাংক হতে দরপত্র দলিলের মূল্য বাবদ ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ (ক) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে ছকে উল্লেখিত সময়ের মধ্যে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল গ্রহণ/প্রেরণ করা যাবে না।
- ০৩। নিলাম দরপত্রসমূহ আগামী ২৪/০৮/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে (ক) জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শঙ্কুগঞ্জ, ময়মনসিংহ ও (খ) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বক্সে রাখা হবে। দরপত্রসমূহ একই দিন অর্থাৎ ২৪/০৮/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উল্লেখিত স্থানসমূহে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পরে কোন অবস্থাতেই কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৪। নিলাম দরদাতাকে মোট উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ নিরাপত্তা জামানত হিসেবে “জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩” এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৫। দাখিলকৃত নিলাম দরপত্রে উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক দর ও মোট মূল্যের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে দাখিলকৃত একক দরের ভিত্তিতে মোট মূল্য বিবেচনা করা হবে। সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে “ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওএন্ডএম স্টোরের ব্যবহার অযোগ্য মালামাল নিলাম দরপত্র” কথাটি স্পষ্ট করে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটাছেঁড়া/ঘষামাজা করা যাবে না।
- ০৬। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ মূল্যকে গৃহীত দর হিসেবে বিবেচনা করা হবে। নিলাম বিজ্ঞপ্তির সকল আইটেমের মালামালের ক্ষেত্রে কনডেমনেশন কমিটি কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন একক মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্র বিবেচনা করা হবে না। নিলাম দরদাতাকে সকল আইটেমের দর দাখিল করতে হবে। কোন আইটেমের দর দাখিল না করা হলে দরপত্র গ্রহণযোগ্য বিবেচনা করা হবে না।
- ০৭। কৃতকার্য নিলাম দরদাতাকে নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য এবং দাখিলকৃত মোট উদ্ধৃত দরের সাথে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও ট্যাক্সসহ অবশিষ্ট মোট অর্থ নগদ/ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করে (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নগদায়ন সাপেক্ষে) বর্ণিত মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৮। মালামালসমূহ ২২/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তরে উপস্থিত হয়ে কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক তা পরিদর্শন করা যাবে।
- ০৯। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র খোলার নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জানাতে হবে।
- ১০। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

মোবাইল নম্বর : ০১৭৬৯৪০০৬২২।

জেনারেল ম্যানেজার  
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩  
শঙ্কুগঞ্জ, ময়মনসিংহ।